① মনোবিজ্ঞানের স্বরূপ আলোচনা করো।

• মনোবিজ্ঞানের স্বরূপ →

মনোবিজ্ঞানের ইংরেজি প্রতিশব্দ Psychology শব্দ থেকে উদ্ভব হয়েছে গ্রিক শব্দ Psyche এবং Logos থেকে। Psyche শব্দের অর্থ Sole বা আত্মা আর Logos শব্দের অর্থ Science বা বিজ্ঞান অর্থাৎ এই কথাটির ব্যুৎপত্তিগত অর্থ হল Science of Sole বা আত্মার বিজ্ঞান। পরবর্তীকালে মনোবিজ্ঞানীরা মনোবিজ্ঞানকে চেতনার বিজ্ঞান বা Science of Conciousness বলে অভিহিত করেছেন। পরবর্তীকালে মনোবিজ্ঞানকে বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার জন্য একে আচরণের বিজ্ঞান বা Science of behaviour বলে অভিহিত করেছেন। বর্তমানে জীবনের বিভিন্ন ক্ষেত্রে বৈজ্ঞানিক তত্ত্ব ও পদ্ধতির ব্যাপক প্রয়োগ ঘটায় মনোবিজ্ঞানের দুটি প্রধান শাখার উদ্ভব হয়েছে —

① পরীক্ষামূলক মনোবিদ্যা বা Experimental Psychology. (মানুষের আচরণের গতিপ্রকৃতি সম্পর্কে আলোচিত হয়)।

(ii) প্রয়োগ মূলক মনোবিদ্যা বা Applied Psychology. (মানুষের আচরণ সংক্রান্ত বৈজ্ঞানিক সিদ্ধান্ত গুলিকে প্রত্যক্ষ ভাবে মানুষের বিভিন্ন কর্মক্ষেত্রে প্রয়োগ করে তাদের জীবনযাত্রার মানউন্নয়নে চেষ্টা করে)।

শিক্ষা

② মনোবিদ্যার সংজ্ঞা আলোচনা করো।

শিক্ষা

• মনোবিদ্যার সংজ্ঞা →

① মনোবিদ বার্নার্ড বলেছেন, "শিক্ষামনোবিদ্যার কাজ হল শিখন ও শিক্ষণ সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করা।"

Scanned with CamScanner

(ii) মনোবিদ Crow and Crow বলেছেন, "শিক্ষা মনোবিজ্ঞান ব্যক্তির জন্ম থেকে পরিনত বয়স পর্যন্ত শিক্ষা মূলক অভিজ্ঞতা বর্ননা ও ব্যাখ্যা করে।"

(iii) মনোবিদ জাড বলেছেন "শিক্ষা মনোবিজ্ঞান হল সেই বিজ্ঞান যা ব্যক্তির জীবনের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত বিকাশের বিভিন্ন স্তরে যে পরিবর্তন ঘটে থাকে তার বর্ননা ও ব্যাখ্যা করে।"

(iv) মনোবিদ পিল বলেছেন, "Educational Psychology is the Science of education."

(v) মনোবিদ কোলেসনিক বলেছেন, "Educational Psychology is the Study of those facts and Principles of psychology which help to explain and improve the Process of education."

(vi) মনোবিদ স্কিনার বলেছেন, মনোবিদ্যার যে শাখা শিক্ষন ও শিখন সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করে তাই হল শিক্ষা-মনোবিদ্যা।

3. শিক্ষা মনোবিজ্ঞানের প্রকৃতি আলোচনা করো।

→ শিক্ষা মনোবিজ্ঞানের প্রকৃতি → Nature

শিক্ষা মনোবিজ্ঞানের প্রকৃতি মনোবিজ্ঞানের মৌলিক সূত্র গুলিকে নির্ভর করে গড়ে উঠেছে সেগুলি হল —

① মনোবিজ্ঞানের শাখা → শিক্ষার ক্ষেত্রে মনোবিজ্ঞানের নীতি গুলি প্রয়োগের ফলে পৃথক বিষয় রূপে শিক্ষা মনোবিজ্ঞানের উদ্ভব হয়েছে। মনোবিজ্ঞান মূলত শিক্ষার সমস্যা পদ্ধতি ও ফল নিয়ে আলোচনা করে। অর্থাৎ মনোবিজ্ঞানের জ্ঞানকে শিক্ষা ক্ষেত্রে প্রয়োগ করে সুতরাং

Scanned with CamScanner

শিক্ষা মনোবিজ্ঞান হল মনোবিজ্ঞান একটি শাখা যা শিক্ষার্থীর শিক্ষা মূলক চাহিদা পরিবেশের পরিপ্রেক্ষিতে তার আচরণ অনুশীলন করে।

(ii) সংকীর্ণ পরিধি →

শিক্ষার ক্ষেত্রে মনোবিজ্ঞানের নীতি গুলি প্রয়োগ করে শিক্ষা দানে সাহায্য করা এবং শিক্ষা দান প্রভৃতি বিভিন্ন সমস্যা সমাধানের উদ্দেশ্য নিয়ে শিক্ষামনো বিজ্ঞানের জন্ম হয়েছে। অর্থাৎ শিক্ষা মনোবিজ্ঞানে শিক্ষা মূলক আচরণই প্রধান।

(iii) বিশেষ দৃষ্টিভঙ্গি →

শিক্ষা মনোবিজ্ঞানের উদ্দেশ্য হল কী ভাবে নতুন আচরণ সম্পাদন করা যায়, কীভাবে স্বল্প সময়ে দীর্ঘ স্থায়ী শিক্ষা প্রদান করা যায় ইত্যাদি একটি বিশেষ মনোভাব নিয়ে শিক্ষা মনোবিজ্ঞান আলোচনা করে।

(iv) নিজস্ব পরীক্ষা মূলক পদ্ধতি গবেষণা ও অনুশীলন কেন্দ্র →

আধুনিক শিক্ষা মনোবিজ্ঞান মনোবিজ্ঞানের জ্ঞান ক্লাস এও শ্রেণীকক্ষে নানা পরীক্ষা নিরীক্ষা করে শিক্ষা দান ও শিখন সংক্রান্ত নানা রকম তাৎপর্যপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করে শিক্ষা মনোবিজ্ঞান বর্তমানে তার নিজস্ব গবেষণা এবং অনুসন্ধান দ্বারা মানুষের শিক্ষাকালীন আচরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

(v) পৃথক বিজ্ঞান →

আধুনিক শিক্ষা মনোবিজ্ঞান নিজস্ব অনুশীলন পদ্ধতির দ্বারা বিশেষ সত্যের অনুসন্ধান করে

Scanned with CamScanner

এখন স্থির সিদ্ধান্ত গ্রহণ করে। ফলে শিখনের প্রকৃতি নিয়ে গবেষণা করা শিখন অক্ষমতার সমস্যাকে বিশ্লেষণ করা। ব্যক্তি স্বাতন্ত্র্য প্রকৃতি নির্ণয় করা ইত্যাদি বর্তমান শিক্ষা মনোবিজ্ঞান এককভাবে করে থাকে। তাই আধুনিক শিক্ষা মনোবিজ্ঞান থেকে পৃথক বিজ্ঞান হিসাবে বিবেচনা করেছে।

**(VI) আন্তর বিজ্ঞান তত্ত্ব →**

মানুষের শিখনকে সহজতর করার জন্য আধুনিক শিক্ষা মনোবিজ্ঞান অন্যান্য বিজ্ঞানের শিক্ষা পরিকল্পনা লব্ধ জ্ঞানকে বিশেষ ভাবে কাজে লাগাচ্ছে। মানব প্রকৃতির প্রকৃত তাৎপর্য নির্ণয় করার জন্য সমাজবিদ্যা, নৃতত্ত্ব, পদার্থ বিদ্যা, জীববিদ্যা প্রভৃতি বিজ্ঞানের ক্ষেত্রে সাধারণ ধারণাকে শিক্ষা বিজ্ঞানের ক্ষেত্রে বর্তমানে প্রয়োগ করা হচ্ছে।

**(VII) নির্ভুল পদ্ধতি →**

শিক্ষার্থীর মানসিক চাহিদা ও শিক্ষকের নির্দিষ্ট ক্ষমতার মধ্যে সার্থক সামঞ্জস্য বিধান করে কীভাবে শিক্ষা ক্ষেত্রে সর্বোচ্চ ফল পাওয়া যায় সে সম্পর্কে শিক্ষামনোবিজ্ঞানীরা বিশেষ গবেষণার ফলে আধুনিক পদ্ধতি বিজ্ঞানের উদ্ভব হয়েছে। এদের মধ্যে ব্যক্তি ভিত্তিক পদ্ধতি গুলি হল — পর্যবেক্ষণ, কেসস্টাডি, তুলনা মূলক পদ্ধতি, অন্তর্দর্শন পদ্ধতি ইত্যাদি। নৈর্ব্যক্তিক পদ্ধতি গুলি হল পরীক্ষণ পদ্ধতি, জেনেটিক পদ্ধতি, পরিসংখ্যান পদ্ধতি প্রভৃতি।

**(VIII) মানব কল্যাণে নিয়োজিত →**

আধুনিক শিক্ষা মনো বিজ্ঞান বিভিন্ন পরীক্ষা নিরীক্ষার দ্বারা মানুষের শিক্ষা

Scanned with CamScanner

কালীন আচরন সম্পর্কে যে সব সাধারন সূত্র আবিষ্কার করে তা মানব কল্যানের উদ্দেশ্যে শিক্ষার মনোবিদ্যার উপর প্রয়োগ করা হয়। ব্যক্তি ও সমাজের মঙ্গল হয় এমন বিষয় নিয়েই শিক্ষা মনোবিজ্ঞান আলোচনা করে।

④ শিক্ষা মনোবিজ্ঞানের লক্ষ্য কী?

→

• শিক্ষা মনোবিজ্ঞানের লক্ষ্য → Scope

মনোবিদ স্কিনার শিক্ষা মনোবিজ্ঞানের সম্পূর্ন ক্ষেত্রকে বিশ্লেষন করে ৪টি বিশেষ লক্ষ্যের কথা বলেছেন।

(i) শিক্ষার্থীর প্রকৃতি অর্থাৎ শিক্ষা মূলক আচরন, বিভিন্ন মানসিক প্রক্রিয়া ও বিকাশের প্রক্রিয়া সম্বন্ধে বৈজ্ঞানিক তথ্য সংগ্রহ করা এবং প্রয়োজনীয় নীতি প্রয়োগ করে আচরন পরিবর্তন করা।

(ii) শিক্ষা দর্শন শিক্ষার যে আদর্শ গঠন করে তা বাস্তবে রূপায়নের জন্য শিক্ষার বাস্তবমুখি লক্ষ্য নিরূপন করা।

(iii) শিক্ষা ক্ষেত্রে যে কোনো সমস্যা সমাধানে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি গঠন করা।

(iv) শিক্ষার্থীদের আচরনকে বৈজ্ঞানিক ভাবে বিশ্লেষন করে তাদের সমাজের সাথে অভিযোজনে সহায়তা করা।

(v) শিক্ষক যাতে তার নিজের কাজ ও শিক্ষার্থীদের প্রক্রিয়ার সঠিক মূল্যায়ন করতে পারে সে বিষয়ে সহায়তা করা।

Scanned with CamScanner

(vi) নতুন নতুন শিখন কৌশল নির্বাচন বিভিন্ন নির্দেশনামূলক পদ্ধতি তৈরি, শিক্ষা পরিকল্পনা গ্রহণ, সময় তালিকা প্রস্তুতি, মানসিক চিকিৎসামূলক পদ্ধতি নির্ণয় ইত্যাদি দ্বারা শিক্ষক ও শিক্ষার্থীর মাঝে সম্পর্কিত ব্যক্তিদের সহায়তা করা।

(vii) মানুষের শিক্ষাকালীন আচরণের গতি প্রকৃতি ইত্যাদির ভিত্তিতে নির্ণয় করে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও সংশ্লিষ্ট সকল ব্যক্তিকে প্রয়োজনীয় তথ্য জ্ঞাপন করে আদর্শের পথে এগিয়ে যেতে সাহায্য করা।

(viii) আধুনিক বিদ্যালয়ের সাংগঠনিক বিষয়, বিদ্যালয় পরিচালনা, ইত্যাদি বিষয়ে সঠিক তথ্য পরিবেশন করে শিক্ষার সকল ক্ষেত্রের উন্নতি সাধন করে।

Scanned with CamScanner